



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাড়ী নং ৪০/এ, রোড নং ২০  
মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬

www.frcbd.org



নং- ১৪৬/এফআরসি/এসএস/২০২০/২৫১

তারিখঃ ২৮ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**শেয়ার মানি ডিপোজিট সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**

**ফাইন্যান্সিয়াল রিপোর্টিং অ্যাক্ট (এফআরএ) ২০১৫ এর ধারা ৮(২)(ঘ) মোতাবেক হিসাবরক্ষণ গাইডলাইন**

জনস্বার্থ সংস্থা কর্তৃক মূলধন খাতে শেয়ার মানি ডিপোজিট (Share money deposit) লেনদেনের ক্ষেত্রে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল-এর গাইডলাইন নিম্নে উল্লেখ করা হইল:

- মূলধন খাতে প্রাপ্ত অর্থ যাহা শেয়ার মানি ডিপোজিট বা অন্য কোন নামকরণে কোম্পানীর মূলধন বা ইকুইটিতে অন্তর্ভুক্ত করা হইয়াছে, তাহা কোনভাবেই প্রত্যাহার বা ফেরত নেয়ার যোগ্য হইবে না;
- এই খাতে প্রাপ্ত অর্থ সর্বোচ্চ ৬ (ছয়) মাসের মধ্যে আইনগতভাবে মূলধনে রূপান্তরিত করিতে হইবে;
- মূলধনে রূপান্তরের পূর্ব পর্যন্ত উক্ত তহবিল সম্ভাব্য শেয়ার (Potential Share) হিসাবে বিবেচিত হইবে এবং সেই মোতাবেক ইপিএস (EPS) গণনায় অন্তর্ভুক্ত করিতে হইবে।
- এফআরএ ২০১৫ দ্বারা বাংলাদেশে পরিগৃহীত ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড (IFRS) এ উল্লিখিত মূলধন বা ইকুইটি সংজ্ঞা (Equity definition) এর কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে এই গাইডলাইন জারী করা হইল।

এই গাইডলাইন প্রতিপালনে কোন প্রকার ব্যত্যয়ের ক্ষেত্রে এফআরএ ২০১৫ এর ধারা ৪৮ এ উল্লিখিত দন্ড কার্যকর করা যাইতে পারে।

মুহাম্মদ আনওয়ারুল করিম, এফসিএ

নির্বাহী পরিচালক

মানদণ্ড নির্ধারণী বিভাগ

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

টেলিফোন : ৯৮৩৩৭৫৪

ই-মেইল : ed.ss@frcbd.org

**বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ**